

ওয়ালটনের ‘য্যানন এক্স২০’ নতুন স্মার্টফোন এখন বাজারে

- A Monitor Desk Report

Date: 22 August, 2023



ঢাকা : ‘য্যানন’ সিরিজের অত্যাধুনিক ফিচার সমৃদ্ধ নতুন স্মার্টফোন বাজারে ছেড়েছে ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড। সাশ্রয়ী মূল্যের নতুন স্মার্ট ফোনটির মডেল ‘য্যানন এক্স২০’।

দৃষ্টিনন্দন ডিজাইনে তৈরি ৫০ মেগাপিক্সেলের প্রাইমারি ক্যামেরার ফোনটিতে রয়েছে ৬ ন্যানোমিটারের হিলিও জি৯৯ প্রসেসর। ফলে এই ফোনের সার্বিক পারফরমেন্স হবে দারুন। এছাড়াও এই ফোনে রয়েছে ১৬ জিবি র‍্যাপিড মেমোরিসহ রয়েছে বিশাল স্টোরেজ ও দ্রুত গতির চার্জিং সুবিধার শক্তিশালী ব্যাটারিসহ অসংখ্য অত্যাধুনিক ফিচার।

ওয়ালটন মোবাইলের ক্রিয়েটিভ অ্যান্ড কমিউনিকেশন বিভাগের ইনচার্জ হাবিবুর রহমান তুহিন জানান, কসমিক ব্ল্যাক এবং অরেঞ্জ সিমার এই দুটি আকর্ষণীয় রঙে ফোনটি বাজারে এসেছে। ‘য্যানন এক্স২০’ ফোনটির মূল্য ১৮ হাজার ৯৯৯ টাকা (ভ্যাট ব্যতীত)। দেশের সকল ওয়ালটন প্লাজা, পরিবেশক শোরুম, মোবাইলের ব্র্যান্ড ও রিটেল আউটলেট থেকে কেনা যাচ্ছে নতুন এই স্মার্টফোন। পাশাপাশি ঘরে বসেই ওয়ালটনের অনলাইন সেলস প্ল্যাটফর্ম (<https://eplaza.waltonbd.com>) এবং <https://waltondigitech.com> থেকেও এই নতুন ফোনটি সহজেই কিনতে পারছেন ক্রেতারা।

ওয়ালটন মোবাইল ব্র্যান্ডিং বিভাগের ইনচার্জ মাহবুব-উল হাসান মিলটন জানান, অ্যান্ড্রয়েড ১৩ অপারেটিং সিস্টেমে পরিচালিত এই ফোনে র‍্যাপিড মেমোরি টেকনোলজি ব্যবহৃত হয়েছে। ফলে ব্যবহারকারী এতে ১৬ জিবি পর্যন্ত র‍্যাপিড মেমোরি পাবেন। গ্রাফিক্স হিসেবে আছে মালি-জি৫৭ এমসি২। যার ফলে ফোনের কার্যক্ষমতা ও গতি হবে অনেক বেশি। বিভিন্ন অ্যাপসের ব্যবহার, ইন্টারনেট ব্রাউজিং, থ্রিডি গেমিং এবং দ্রুত ভিডিও লোড ও ল্যাগ-ফ্রি ভিডিও স্ট্রিমিং সুবিধা মিলবে।

জানা গেছে, ফোনটিতে অভ্যন্তরীণ মেমোরি রয়েছে ১২৮ গিগাবাইট। যা মাইক্রো এসডি কার্ডের মাধ্যমে ৫১২ গিগাবাইট পর্যন্ত বাড়ানো যাবে। এই ফোনে রয়েছে ১২০ হার্জ রিফ্রেশ রেটের ৬.৮ ইঞ্চির ফুল এইচডি প্লাস রেজুলেশনের আইপিএস ডিসপ্লে। ফোনটির ডিসপ্লেতে পাওয়া যাবে

৫৮০ নিটস পিক রাইটনেস। এসবের ফলে বিভিন্ন অ্যাপ্লিকেশন ব্যবহার এবং ভিডিও দেখা, গেম খেলা, বই পড়া বা ইন্টারনেট ব্রাউজিংয়ে মোবাইল স্পর্শে অনন্য অভিজ্ঞতা পাবেন গ্রাহক।

আরও পড়ুন: [বিশ্বব্যাপী স্কুলে স্মার্টফোন নিষিদ্ধের আহ্বান জাতিসংঘের](#)

ফোনটির পেছনে রয়েছে এলইডি ফ্ল্যাশ, অটোফোকাস এবং পিডিএএফসহ ৫০ মেগাপিক্সেলের এআই ট্রিপল ক্যামেরা। আকর্ষণীয় সেলফির জন্য সামনে রয়েছে ৩২ মেগাপিক্সেল পাঞ্চ-হোল ক্যামেরা। ফেস ডিটেকশন ও ডিজিটাল জুম এর মত এআই এনহেন্সড ফিচার রয়েছে এই ফোনে। এতে ব্যবহৃত হয়েছে মিডিয়াটেক ৬ ন্যানোমিটারের হেলিও জি৯৯ গেমিং প্রসেসর। এতে স্ল্যাপড্রাগন ৬৮৫জি প্রসেসরযুক্ত স্মার্টফোনের চেয়েও ভালো পারফরম্যান্স পাওয়া যাবে।

‘য্যানন এক্স২০’ মডেলে পাওয়ার ব্যাকআপের জন্য ডিভাইসটিতে রয়েছে ৫০০০ এমএইচ হাই-ক্যাপাসিটি লি-পলিমার ব্যাটারি। সাথে ১৮ ওয়াট টাইপ-সি ফাস্ট চার্জিং থাকায় দ্রুততম সময়ে চার্জিং সুবিধা থাকছে এই ডিভাইসে। এই ফোনটিতে নয়েজ ক্যানসেলেশন ফিচার থাকায় ফোনের প্রান্তের গ্রাহক নয়েজ ফ্রি শব্দ শুনতে পাবেন। ভিডিও স্যাটাবিলাইজেশন সুবিধার কারণে ভিডিও রেকর্ডিং এ মিলবে দারুন অভিজ্ঞতা। এছাড়াও অন্যান্য ফিচারের মধ্যে রয়েছে ডায়নামিক ক্যাপসুল, গেম বুস্টার, ইউএফএস স্টোরেজ, অ্যাপ লক, চিলড্রেন স্পেস, ক্লিনিং অ্যাসিস্ট্যান্ট, নাইট লাইট, লাইভ ক্যাপশন, অ্যাপ ক্লোন, থ্রি ফিংগার স্ক্রিনশট, অ্যান্টিফেক টাচ মোড ও স্মার্ট টাচ ইত্যাদি ফিচার।

ওয়ালটন ডিজি-টেক ইন্ডাস্ট্রিজ লিমিটেডের নিজস্ব কারখানায় তৈরি এই স্মার্টফোনে ৩০ দিনের বিশেষ রিপ্লসমেন্ট সুবিধাসহ এক বছরের বিক্রয়োত্তর সেবা পাচ্ছেন গ্রাহক।

-B